Department of Education
Dennis M. Walcott, Chancellor

কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (ডিওই) ১ হাজার ৭শয়েরও বেশি স্কুলে ১১ লক্ষাধিক শিক্ষার্থী ও তাদের পরিবারকে পরিসেবা দিয়ে থাকে। আমরা পিতামাতা ও পরিজনদের প্রয়োজনীয় তথ্য জোগানর পাশাপাশি আমাদের সিটি স্কুলসমূহের কর্মসূচি ও উদ্যোগগুলোয় অংশগ্রহণের সুযোগ দেয়ার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। এই উপরিচিত্রটি কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড এবং সেগুলো কীভাবে আপনার সন্তানের শিক্ষার সঙ্গে সম্পৃক্ত তা ব্যাখ্যা করার জন্য পরিকল্পিত হয়েছে।

কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ডগুলো কী কী?

প্রত্যেক গ্রেডে শিক্ষার্থীদের কী জানা ও করতে পারা উচিত লার্নিং স্ট্যান্ডার্ডগুলো (শিক্ষণের মানদণ্ড) তা বর্ণনা করে। আগামী কয়েক বছরে, নিউ ইয়র্ক স্টেট এবং আরও ৪০টিরও বেশি স্টেট কমন কোর (অভিন্ন আদর্শমান) নামে নতুন একগুচ্ছ শিক্ষণমান অনুসরণ করতে যাচ্ছে। কলেজ ও পেশায় সাফল্যলাভের প্রস্তুতিসহ হাই স্কুল থেকে উত্তীর্ণ হওয়ার জন্য প্রত্যেক বছর শিক্ষার্থীদের কী কী জানতে হবে সেগুলোর একটি পরিষ্কার ছবি এসব নতুন আদর্শমান জোগাবে।

গবেষণা এবং শীর্ষ কার্যসম্পাদনকারী দেশগুলো থেকে লব্ধঅভিজ্ঞতার ভিত্তিতে শিক্ষাবিদ ও অন্যান্য বিশেষজ্ঞ এই কমন কোর আদর্শমানগুলো প্রণয়ন করেছেন। সৃষ্টিশীল চিন্তন ক্ষমতা, বাস্তব সমস্যার সমাধান, কার্যকর যুক্তি প্রদান এবং বিতর্কে অংশগ্রহণসহ দ্রুত পরিবর্তনশীল বিশ্বে সফল হওয়ার জন্য আমাদের শিক্ষার্থীদের যেসব দক্ষতা ও জ্ঞান থাকা প্রয়োজন আদর্শমানগুলো তা বর্ণনা করে।

নিউ ইয়র্ক স্টেটে, প্রি-কিন্ডারগার্টেন থেকে দ্বাদশ গ্রেডের শিক্ষার্থীদের জন্য ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ইংরেজি ভাষা শৈলী) এবং অঙ্কের আদর্শমান কমন কোরের অন্তর্ভুক্ত। ইংরেজির আদর্শমানের অন্তর্ভুক্ত ইতিহাস, বিজ্ঞান ও কারিগরি বিষয়ে সাক্ষরতা বৃদ্ধি--যার মূল লক্ষ্য সব বিষয়ে সাক্ষরতা শিক্ষাদানের ব্যাপারে শিক্ষকদের দায়িত্বশীলতার উপর গুরুত্ব দেয়া। স্কুলগুলো যখন এসব নতুন আদর্শমান বাস্তবায়ন শুরু করবে, শিক্ষার্থীদের লক্ষণীয়ভাবে বেশি করে লিখতে এবং বেশি করে জটিল পাঠ্য পড়তে বলা হবে, যেখানে অভিনিবেশ থাকবে ননফিকশনের উপর। অঙ্কে, শিক্ষার্থীরা বিভিন্ন ধারণা

গভীরভাবে বুঝতে, একটি প্রসঙ্গের সাথে আরেকটি প্রসঙ্গের পারস্পরিক সম্পর্ক গড়তে এবং হাতেকলমে শেখার মাধ্যমে জটিল ধারণাগুলো আয়ত্ত করতে বেশি সময় ব্যয় করবে।

জাতীয় পর্যায়ে অভিন্ন আদর্শমান জানতে http://corestandards.org ওয়েবসাইট দেখুন।

নিউ ইয়র্ক সিটি শিক্ষার্থীদের জন্য কমন কোর কী অর্থ বহন করে?

কমন কোর আদর্শমান আমাদেরকে শিক্ষার্থীদের বিশ্লেষণী চিন্তন দক্ষতা গড়ায় এবং জীবনব্যাপী জ্ঞানপিপাসু হওয়ার ব্যাপারে তাদেরকে উদ্বুদ্ধ করায় দারুণ সুযোগ জোগাবে। এই বছর, আমাদের স্কুলগুলো যখন নিরলস কাজ করছে সব শিক্ষার্থীর উচ্চ সাফল্য নিশ্চিত করার জন্য, শিক্ষার্থীরাও এসব নতুন, উচ্চ মানভিত্তিক কাজে সম্পৃক্ত হওয়ার সুযোগ পাবে। ২০১১-১২ স্কুলবছরে, সব নিউ ইয়র্ক সিটি শিক্ষার্থী কমন কোরের সাথে সঙ্গতিপূর্ণ কমপক্ষে একটি সাক্ষরতা বৃদ্ধির অ্যাসাইনমেন্ট এবং একটি অঙ্কের অ্যাসাইনমেন্ট সম্পন্ন করবে, যেগুলোর প্রতিটিই হবে পাঠক্রমের একটি বড় ইউনিটের অংশ।

সাক্ষরতায়, শিক্ষার্থীদেরকে একটি ননফিকশন টেক্সট পাঠ এবং বিশ্লেষণ করে এর প্রতিক্রিয়ায় টেক্সট থেকে প্রমাণ ব্যবহার করে নিজের সুচিন্তিত অভিমত লিখতে বলা হবে। অঙ্কে, শিক্ষার্থী বাস্তব পরিস্থিতি-ভিত্তিক একটি দুরূহ সমস্যার সমাধান করবে, মীমাংসায় পৌঁছানর জন্য যুক্তির পেছনে কার্যকর যৌক্তিক কারণগুলো অনুসন্ধান করার মাধ্যমে। কমন কোর-তনুষ্ঠ অ্যাসাইনমেন্টগুলো বিভিন্ন আঙ্গিকে উপস্থাপন করা হয় যাতে প্রতিবন্ধী ও ইংরাজি ভাষা শিক্ষার্থীসহ সব শিক্ষার্থীর জন্য এগুলো বোধগম্য হয়।

এই বছর নিউ ইয়র্ক সিটির সরকারি স্কুলগুলো কমন কোর অনুসরণ শুরু করার জন্য সহায়তা লাভ করছে। প্রশিক্ষণ এবং অনলাইন সহায়তা উপকরণের মাধ্যমে, শিক্ষকেরা নতুন আদর্শমান বুঝতে শিখছেন এবং সব শিক্ষার্থী কলেজ ও পেশার জন্য ঠিকপথে আছে নিশ্চিত করতে তাদের ক্লাসরুমের অনুশীলন পুনর্বিন্যস্ত করছেন।

কমন কোর অন্তর্ভুক্ত করার জন্য নিউ ইয়র্ক স্টেটের পরীক্ষাগুলো কীভাবে পরিবর্তিত হবে?

প্রতি বছর, ৩–৮ গ্রেডের শিক্ষার্থীরা স্টেটের আদর্শমান আয়ত্ত করার প্রমাণ দিতে ইংরেজি ও অঙ্কে নিউ ইয়র্ক স্টেটের পরীক্ষা দিয়ে থাকে। ২০১২–২০১৩ স্কুলবছর থেকে, কমন কোর আদর্শমান অন্তর্ভুক্ত করার উদ্দেশ্যে এসব পরীক্ষায় পরিবর্তন আসতে শুরু করবে।

২০১৪–১৫ স্কুলবছর নাগাদ, স্টেটের পরীক্ষাগুলো এখন শিক্ষার্থীরা যেমন দিয়ে থাকে তা থেকে আমূল বদলে যাবে। নিউ ইয়র্ক আরও ২৩টি স্টেটের সাথে একত্রে কাজ করছে এমন ধরনের পরীক্ষা প্রণয়নে যেগুলো শিক্ষার্থীদেরকে তাদের জ্ঞান ও দক্ষতার প্রমাণ দিতে বলে নতুন একধরনের প্রশ্নের মাধ্যমে, যা পারফরম্যান্স টাস্ক নামে পরিচিত। বৃত্ত পূরণ করে মাল্টিপল–চয়েস প্রশ্নের জবাব দেয়ার পরিবর্তে, শিক্ষার্থীদের বলা হবে তারা যে অধিত ধারণাগুলো বুঝেছে এবং প্রয়োগ করতে পারে তা — অধিকাংশ ক্ষেত্রে অপরিচিত এবং বাস্তব পরিস্থিতিতে — প্রমাণ করতে। পারফরম্যান্স টাস্কগুলো শিক্ষার্থীদেরকে দীর্ঘ রচনামূলক উত্তর লেখা এবং ধাপে ধাপে সমস্যাসমাধানে মনোযোগী করে তোলার পাশাপাশি সূক্ষ্ম চিন্তনে বাধ্য করবে।

নিচে ইংরেজি বিষয়ে পারফরম্যান্স টাস্কের একটি নমুনা দেয়া হয়েছে:

The Straw and the Juice Box

A company that sells juice in small cartons like the one shown below has a problem. The straight straw attached to the outside of each carton keeps getting lost inside.



Use mathematics to explore and describe the nature and cause of the problem faced by the company.

Investigate how the problem could be fixed.

Create a report for the company describing as many different solutions to the straw-and-juice-box problem as possible.

© Ann Shannon & Associates

বাড়িতে আমি কীভাবে কমন কোর আদর্শমানকে সহায়তা করতে পারি?

শিক্ষার্থীর অগ্রগতি শিক্ষক, প্রিন্সিপ্যাল, এবং পরিবার সবার কাছেই সমান গুরুত্বপূর্ণ বিষয়। কমন কোর আদর্শমান আয়ত্তকরণে সব শিক্ষার্থীকে সহায়তা করার জন্য আমরা আগামী কয়েক বছর প্রশাসন হিশেবে একত্রে কাজ করব।

নিউ ইয়র্ক সিটি স্কুলগুলোর কমন কোর এবং বাড়িতে আপনি কীভাবে আপনার সন্তানকে সহায়তা করতে পারেন সে–বিষয়ে আরও জানতে আপনার সন্তানের শিক্ষককে প্রশ্ন করুন অথবা http://schools.nyc.gov/Academics/CommonCoreLibrary/FamilyResources ঠিকানায় আমাদের কমন কোর লাইব্রেরি দেখুন।

আরও জানুন

- আরিস প্যারেন্ট লিংকে লগ অন করুন––https://arisparentlink.org/parentlink ওয়েবসাইটে যান।
- আপনার এনওয়াইসি ফ্যামিলি গাইডের কপি সংগ্রহ করে আপনার সন্তানকে সাফল্যলাভে ঠিকপথে রাখার জন্য কার্যকর পরামর্শগুলো জেনে নিন––http://schools.nyc.gov/ParentsFamilies ওয়েবসাইটে যান।
- শিক্ষাদান ও শিক্ষণের নতুন আদর্শমান সম্পর্কে অন্যান্য পিতামাতার সাথে কথা বলুন।
- ন্যাশনাল পিটিএ–র প্যারেন্ট গাইড টু স্টুডেন্ট সাকসেস দেখুন––http://www.pta.org/4446.htm ওয়েবসাইটে যান।

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের নীতি হচ্ছে আইন অনুসারে এর শিক্ষা কর্মসূচি ও কর্মকাণ্ডে জাতি, বর্ণ, ধর্ম, রাষ্ট্রিক পরিচয়, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, প্রতিবন্ধিতা, বিবাহের অবস্থা, যৌনতা, যৌন পক্ষপাতিত্ব, লিঙ্গ পরিচয়/অভিব্যক্তির ভিত্তিতে বৈষম্য না করা, এবং যৌন হয়রানিমুক্ত পরিবেশ বজায় রাখা।